গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ
ওয়েব সাইট : www.rdodtekhulna.gov.bd

স্মারক নং ঃ ৫৭.০৩.৩৩৪৫.১০১.৯৯.০০১.২৩-১৭৬(২) তারিখ ঃ ৩১/০৭/২০২৩ খ্রিঃ

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে কর্মসূচী চূড়ান্তকরণের বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, উপসচিব,
পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।

তারিখ ও সময় : ৩১.০৭.২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থান : পরিচালকের সভাকক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।

সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টে শাহাদতবরণকারী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ সকল শহীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন ও বিদেহী রুহের মাগফেরাত কামনা করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে হৃদয়ে ধারণ ও লালন করে সোনার বাংলা বিনির্মাণে জাতির পিতা বঙ্গবন্ধুর সততা, আদর্শ, কর্মজীবন, মুক্তিযুদ্ধের চেতনা ও নেতৃত্বগুণ, মানবীয় গুণাবলী বর্তমান ও আগামী প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতে হবে। তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ যথাযথভাবে পালনে জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে এ কার্যালয়ের কর্মসূচী চূড়ান্তকরণে অদ্যকার সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে অত্র কার্যালয়ের সহঃআঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত জাতীয় কর্মসূচী সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০২৩ খ্রি. তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনে জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ০১ আগস্ট হতে ৩০ আগস্ট ড্রপডাউন ব্যানার প্রদর্শন করতে হবে।	কার্যালয়ে ০১/০৮/২০২৩ খ্রি. তারিখ হতে "জাতীয় শোক দিবস" ২০২৩ এর ড্রপডাউন ব্যানার স্থাপন।	১। জনাব সবুজ সরকার, ক্রাফট ইন্সট্রাক্টর
০২		বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২৩ খ্রিঃ তারিখ সোমবার কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ সূর্যোদয়ের সাথে সাথে পরিষ্কার পরিচ্ছন্ন ভাজ বিহীন সঠিক মাপ ও রংয়ের জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিত রাখতে হবে।	১৫ আগস্ট, ২০২৩ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিতকরণ। জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিত করবেন জনাব মোঃ ইসরাইল হোসেন, পরিচালক এবং সকল কর্মকর্তা- কর্মচারীবৃন্দ, অত্র দপ্তর।	১। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ ২। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক
০৩		বাঙালি জাতির স্বপ্নদ্রষ্টা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকীতে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা কর্মচারীকে ১লা আগস্ট হতে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ	প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা কর্মচারী আগস্ট মাসব্যাপী কালো ব্যাচ পরবে এবং ১৫ই আগস্ট উপস্থিত থাকবে।	১। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক ২। জনাব সানজিদুল ইসলাম, অফিস সহায়ক

	এবং আবশ্যিকভাবে ১৫ আগস্ট সকলের উপস্থিতি নিশ্চিতকরণ।		
০৪	১৫ আগস্ট, ২০২৩ খ্রিঃ তারিখে জেলা প্রশাসনের সাথে সামঞ্জস্য রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে বিষয়ে আলোচনা করা হয়।	১৫ আগস্ট, ২০২৩ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	১। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ ২। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক ও সংশ্লিষ্ট সকলে
০৫	সোনার বাংলা গঠনে দেশকে শস্য শ্যামলে ভরে তুলতে এবং প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে দেশকে রক্ষা করার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বৃক্ষরোপণের প্রতি যে গুরুত্বারোপ করতেন সেই ধারা অব্যাহত রাখতে দিবসটি উদযাপন উপলক্ষ্যে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারী যেকোন একটি ফলজ, ভেষজ ও বনজ গাছের চারা রোপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১৫/০৮/২০২৩ খ্রি. তারিখে কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অত্র দপ্তরের আঙিনায় সুবিধাজনক জায়গায় এক ০১ (এক) টি করে ফলজ, ভেষজ ও বনজ গাছ রোপন করবেন।	১।জনাব সবুজ সরকার, ক্রাফট ইন্সট্রাক্টর ২। জনাব আব্দুল কাদের, অফিস সহায়ক
০৬	শোষিত ও নির্যাতিত বাঙ্গালি জাতির মুক্তি ও স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যে অবদান ও গুরুত্ব তা খুলনা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে তুলে ধরতে অনলাইন Zoom প্লাটফর্মে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' ভিত্তিক কবিতা আবৃত্তির আয়োজন করতে হবে।	১৪/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.০০-১২.০০ পর্যন্ত অনলাইনে Zoom প্লাটফর্মে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ছাত্রছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ ভিত্তিক কবিতা আবৃত্তির আয়োজন।	১। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক ২। জনাব আল আমিন নাছিম, ক্রাফট ইন্সট্রাক্টর ৩। জনাব নূর ইসলাম শেখ
০৭	খুলনা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে হামদ ও নাত প্রতিযোগিতা অনলাইন প্লাটফর্মে আয়োজন করতে হবে।	১৪/০৮/২০২৩ খ্রি. তারিখ দুপুর ০১২.০০-৪.০০ পর্যন্ত অনলাইনে Zoom প্লাটফর্মে হামদ ও নাত প্রতিযোগিতার আয়োজন (Zoom ID: 85454609 Passcode: 12345)।	১। জনাব জাবেদ হায়াত, ক্রাফট ইন্সট্রাক্টর ২। জনাব মাহফুজ রহমান, ক্রাফট ইন্সট্রাক্টর
০৮	বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংগঠনে ও দেশের স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যে ভূমিকা ও আত্মত্যাগ তা খুলনা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাধ্যে তুলে ধরতে 'মুক্তিযুদ্ধ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' শিরোনামে অনলাইনে/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।	"মুক্তিযুদ্ধ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান" শিরোনামে অনলাইনে/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজন [লিখিত রচনা আগামী ০৫/০৮/২০২৩ খ্রি. থেকে ১৫/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করতে হবে।	১। জনাব মাহফুজ রহমান, ক্রাফট ইন্সট্রাক্টর ২। জনাব নারোদ চন্দ্র সিংহ, এল.ডি.এ কাম টাইপিস্ট
০৯	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বাঙ্গালি জাতির হৃদয়ে ধারণ ও লালন করে সোনার বাংলা বিনির্মানে বঙ্গবন্ধুর শৈশব, সততা ও আদর্শ, রাজনৈতিক জীবন, কর্মজীবন, মুক্তিযুদ্ধের চেতন, বাংলাদেশ ও বাঙালি নিয়ে লালিত স্বপ্ন, অসাম্প্রদায়িক চেতনা বিশেষ করে মানবিক গুণাবলী ও বর্তমান ও আগামী তরুন	১৫/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০-১২.০০ পর্যন্ত জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষ্যে 'বঙ্গবন্ধুর জীবনাবাসন ও একটি স্বপ্নের মৃত্যু' শীর্ষক আলোচনা সভা।	২। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক ২। জনাব সজীব আহমেদ, এল.ডি.এ কাম ক্যাশিয়ার ও সংশ্লিষ্ট সকলে

		প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতে 'জাতীয় শোক দিবস ২০২৩' উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।		
১০		জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে তাঁর রুহের মাগফিরাতের জন্য ১৫ আগস্ট, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল থেকে কোরআনখানির আয়োজন ও বাদ যোহর দোয়া মাহফিলের আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৫ই আগস্টের অন্যান্য শহীদের রুহের মাগফেরাত কামনা করে ১৫/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল থেকে কোরআনখানি ও বাদ যোহর অত্র কার্যালয়ে দোয়া মাহফিলের আয়োজন।	১। জনাব জাবেদ হায়াত, ক্রাফট ইন্সট্রাক্টর ২। জনাব জনাব নূর ইসলাম শেখ

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ

স্মারক নং ঃ ৫৭.০৩.৩৩৪৫.১০১.৯৯.০০১.২৩-১৭৬(২)(৫)

তারিখ ঃ ৩১/০৭/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সংরক্ষন নথি।

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ
ই-মেইলঃ rdokhulna@gmail.com
ফোনঃ ০২৪৭৭৭০০৩৪১